**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/6/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# নিউ ইয়র্কের সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন দেশের-নেতৃস্থানীয় ব্যবসা প্রতিষ্ঠান বিষয়ক কর্মসূচি জোরদার করতে গভর্নর হোকলের আইনি প্যাকেজ স্বাক্ষর

***আইনটি (A.9259-A/S.3390-A) সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান (MWBE) বিষয়ক কর্মসূচিতে জালিয়াতি ও অপব্যবহার প্রতিরোধ করতে সাহায্য করছে এবং জালিয়াতির তদন্ত ও নিরীক্ষণ করার জন্য একটি তহবিল গঠনের কাঠামো তৈরি করছে***

***আইনটি (A.6420/S.571) ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে বিদ্যমান ঋণ পরিশোধের জন্য পুনঃঅর্থায়নের উদ্দেশ্যে MWBE উন্নয়ন ও ঋণ প্রদান কর্মসূচির তহবিল ব্যবহার করার সুযোগ দিচ্ছে***

***আইনটি (A.10459/S.9351) নিউ ইয়র্ক সিটিকে কোনো আনুষ্ঠানিক প্রতিযোগিতামূলক প্রক্রিয়া ছাড়াই MWBE-গুলোকে 1 মিলিয়ন ডলার পর্যন্ত কন্ট্রাক্ট প্রদান করার সুযোগ করে দিচ্ছে***

***এছাড়াও নিউ ইয়র্কের MWBE কাজে লাগানোর হার দেশের মধ্যে সর্বোচ্চ বলে ঘোষণা করা হয়েছে, যেখানে MWBE-গুলোকে প্রায় 3 বিলিয়ন ডলারের স্টেট কন্ট্রাক্ট প্রদান করা হয়েছে***

***বার্ষিক রিপোর্ট এখানে পাওয়া যাবে***

গভর্নর ক্যাথি হোকল আজ একটি আইনি প্যাকেজ স্বাক্ষর করেছেন যা সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সহায়তা করার জন্য নিউ ইয়র্কের দেশের নেতৃস্থানীয় কর্মসূচিকে জোরদার করবে। গভর্নর এই নতুন আইনে স্বাক্ষর করেছেন স্টেটের 12তম বার্ষিক MWBE ফোরাম চলাকালীন সময়ে, যেটি 7 অক্টোবর পর্যন্ত চলবে। এছাড়াও গভর্নর ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট নিউ ইয়র্ক স্টেটের কন্ট্রাক্টগুলোতে MWBE-দের কাজে লাগানোর লক্ষ্যমাত্রা ছাড়িয়ে গেছে, যেখানে 2022 অর্থবছরে এই কাজে লাগানোর হার 30.64 শতাংশ, যা টানা দ্বিতীয় বছরের মতো দেশের মধ্যে MWBE কাজে লাগানোর সর্বোচ্চ হার। 2022 অর্থবছরে MWBE ফার্মগুলোকে আনুমানিক 3 বিলিয়ন ডলারের স্টেট কন্ট্রাক্ট প্রদান করা হয়েছে, এবং 2011 সালের পর থেকে MWBE-গুলোকে প্রায় 24 বিলিয়ন ডলারের স্টেট কন্ট্রাক্ট প্রদান করা

হয়েছে। এই বিল স্বাক্ষরিত হওয়া, নিউ ইয়র্কের MWBE কাজে লাগানোর হার ক্রমশ বৃদ্ধি পাওয়ার সঙ্গে মিলে, MWBE-গুলোকে সহায়তা করা এবং স্টেটজুড়ে অধিকতর অর্থনৈতিক সুযোগের সমর্থক হওয়ার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতাকে জোরদার করছে।

"নিউ ইয়র্ক এটির বৈচিত্র্যকে শক্তিকে পরিণত করছে, এবং অর্থনৈতিক সুযোগগুলো স্টেটজুড়ে অন্তর্ভুক্তিমূলক এবং সমতাপূর্ণ হওয়ার বিষয়টি নিশ্চিত করা আমার প্রশাসনের জন্য একটি অগ্রাধিকার," **বলেছেন গভর্নর হোকল।** "টানা দুই বছর, আমাদের দেশের নেতৃস্থানীয় MWBE কাজে লাগানোর হার সবাই যাতে অর্থনৈতিক সফলতার পথ গঠন করতে পারে সেজন্য অপরিহার্য সরঞ্জাম ও সংস্থানসমূহ প্রদান করার ব্যাপারে আমাদের অঙ্গীকারাবদ্ধতাকে তুলে ধরছে। নিউ ইয়র্কের MWBE কাজে লাগানোর জোরালো হার অব্যাহত থাকা MWBE-গুলোর জন্য অর্থনৈতিক সুযোগের ক্ষেত্রে অধিকতর সমতাকে সমর্থন করার জন্য স্টেটের অঙ্গীকারাবদ্ধতা প্রদর্শন করছে।"

"গভর্নর হোকলের নেতৃত্বের কল্যাণে, নিউ ইয়র্ক টানা দ্বিতীয় বছরের মতো আমাদের কাজে লাগানোর হারের লক্ষ্যমাত্রা অতিক্রম করেছে এবং আমরা স্টেটজুড়ে MWBE-গুলোর জন্য প্রতিবন্ধকতা গুঁড়িয়ে দিতে এবং সুযোগ-সুবিধা সম্প্রসারণ করতে সাহায্য করা চালিয়ে যাবো," **বলেছেন লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডো।** "নিউ ইয়র্ক সংখ্যালঘু ও মহিলাদের মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সফল হতে সাহায্য করার জন্য তাদেরকে অতি গুরুত্বপূর্ণ সংস্থানসমূহ প্রদান করতে দৃঢ় প্রতিজ্ঞ রয়েছে কারণ আমাদের অর্থনীতি তখনই সবচেয়ে শক্তিশালী হবে যখন এটি বৈচিত্র্যপূর্ণ, অ্যাক্সেসযোগ্য, এবং অন্তর্ভুক্তিমূলক হবে।"

আইনটি (A.9259-A/S.3390-A) MWBE বিষয়ক কর্মসূচির মধ্যে জালিয়াতি ও অপব্যবহার প্রতিরোধ করতে সাহায্য করছে এবং এই কর্মসূচির মধ্যে জালিয়াতির তদন্ত করা এবং নিরীক্ষণ করার জন্য একটি তহবিল গঠনের কাঠামো তৈরি করছে। নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের গ্র্যান্ড জুরি কর্তৃক রিপোর্টকৃত 2014 সালের একটি রিপোর্টে প্রকাশিত হয়েছে যে কন্ট্রাক্টের ব্যাপারে বৈধ MWBE-গুলোকে ধোঁকা দিয়ে সৎ MWBE-গুলোর জন্য নির্ধারিত 10 মিলিয়ন ডলারেরও বেশি প্রতারক নন-MWBE-গুলোর কাছে চলে গেছে। এই আইন স্টেটের একটি MWBE রেজিস্ট্রি তৈরি করার মাধ্যমে এই কর্মসূচির অখণ্ডতা নিশ্চিত করবে, জালিয়াতির জন্য আরোপকৃত জরিমানা বৃদ্ধি করবে, এবং অসদাচরণের তদন্ত করার জন্য একটি MWBE তহবিল প্রতিষ্ঠা করবে।

**স্টেট সিনেটর জামাল বেইলি বলেন,** "আমি বিশ্বাস করি যে সম্পদের ব্যবধান কমিয়ে আনা, আমাদের অর্থনীতিকে বৈচিত্র্যপূর্ণ করে তোলা, এবং স্টেটজুড়ে আমাদের কমিউনিটিগুলোর জন্য একটি সমৃদ্ধ ভবিষ্যত তৈরি করার ক্ষমতা সংখ্যালঘু ও মহিলাদের মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর রয়েছে। সিনেট বিল S3390, জালিয়াতি ও অপব্যবহার প্রতিরোধ করার জন্য সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান বিষয়ক কর্মসূচির জন্য সুরক্ষামূলক পদক্ষেপ প্রতিষ্ঠা করছে। এই বিল সংখ্যালঘু ও মহিলাদের মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান বিষয়ক তহবিলকে জোরদার করবে এবং এই তহবিল ন্যায্যভাবে পরিচালনা করা হচ্ছে এবং এটির সুযোগ-সুবিধা নিউ ইয়র্কের ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য অ্যাক্সেসযোগ্য রয়েছে তা নিশ্চিত করবে। স্টেটজুড়ে মহিলা এবং অশ্বেতাঙ্গ শিল্পোদ্যোক্তাদের জন্য সুযোগের দ্বার উন্মুক্ত করতে

এই বিলটিকে সহায়তা করার জন্য আমি গভর্নর ক্যাথি হোকল, সিনেটের সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, স্পিকার কার্ল হিয়েস্টি, অ্যাসেম্বলির পৃষ্ঠপোষক সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস, এবং উভয় হাউসে আমার সহকর্মীদের ধন্যবাদ জানাতে চাই।"

**অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃস্থানীয় MWBE-দের কাজে লাগানোর হার নিয়ে আমি গর্বিত। MWBE কর্মসূচির অখণ্ডতা নিশ্চিত করা সবচেয়ে বেশি গুরুত্ব রাখে, এবং এই আইনটি স্বাক্ষরের জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি, যা MWBE নিয়ে জালিয়াতি কমিয়ে আনতে, বর্ধিত স্বচ্ছতা প্রদান করতে, এবং সার্টিফাইড MWBE-গুলোর জন্য সুযোগ-সুবিধা নিয়ে আসতে সাহায্য করবে।"

আইনটি (A.6420/S.571) ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে বিদ্যমান ঋণগুলোর জন্য পুনঃঅর্থায়নের উদ্দেশ্যে সংখ্যালঘু ও মহিলাদের মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানের উন্নয়ন ও ঋণপ্রদান কর্মসূচি থেকে তহবিল ব্যবহার করার সুযোগ করে দেবে। বহু ব্যবসা মালিকের জন্য, বাণিজ্যিক ক্রেডিট কার্ডই ক্রেডিট অ্যাক্সেস করার প্রথম ও একমাত্র উপায়, যেটির জন্য প্রায় ক্ষেত্রেই উচ্চ সুদের হার বহন করতে হয়। স্টেটের বিদ্যমান ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় সেই ঋণগুলোর জন্য পুনঃঅর্থায়ন করতে ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সুযোগ করে দেওয়া হলে সুদের অর্থ পরিশোধ করার পরিমাণ মাত্র 1,200 ডলারে নামিয়ে আনতে পারে, যা এক বছরে ব্যবসা প্রতিষ্ঠানের জন্য প্রায় 3,000 ডলার সাশ্রয় করবে।

**স্টেট সিনেটর জেমস স্যান্ডার্স জুনিয়র বলেন,** "গভর্নর স্বাক্ষরিত এই বিলগুলো সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর প্রবৃদ্ধির সুযোগ বাড়ানোর মাধ্যমে তাদেরকে উৎসাহিত ও শক্তিশালী করবে। আমরা কোভিড-পরবর্তী যুগে প্রবেশ করার সাথে সাথে, কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অবদান রাখা শক্তিশালী MWBE-এর মাধ্যমে নিউ ইয়র্কের অর্থনীতি ব্যাপকভাবে লাভবান হবে।"

**অ্যাসেম্বলি সদস্য রডনিস বিশট হারমেলিন বলেন,** "MWBE-গুলোর জন্য সুযোগ বৃদ্ধিকারী আমার পৃষ্ঠপোষকতা করা দু'টি বিল (A.6420 / S.571) ও (A.10459 / S.9351) আইনে পরিণত হয়েছে দেখে আমি সম্মানিত বোধ করছি। ব্যবসাগুলোকে বিদ্যমান ঋণের পুনঃঅর্থায়নের জন্য MWBE উন্নয়ন এবং ঋণদান কর্মসূচি ব্যবহার করার অনুমতি দিয়ে এবং NYC-কে আনুষ্ঠানিক প্রতিযোগিতামূলক প্রক্রিয়া ছাড়াই MWBE-গুলোকে 1 মিলিয়ন ডলার পর্যন্ত কন্ট্রাক্ট প্রদানের অনুমতি দিয়ে, আমরা MWBE-গুলোর জন্য সমতার দিকে দুইটি স্মরণীয় পদক্ষেপ গ্রহণ করছি এবং বাধা ভেঙে দিচ্ছি যা অর্থনৈতিক খাতে তাদের ন্যায্য অংশ পাওয়ার সুযোগ দেয়। এই আইনি প্যাকেজ পাস করার জন্য আমি গভর্নর হোকল এবং স্টেট আইনসভাকে ধন্যবাদ জানাই যা MWBE-গুলোকে ন্যায্যভাবে সফল হতে তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য সুযোগ দেবে। এখন, MWBE-গুলো পুনঃঅর্থায়ন সমস্যা এবং প্রতিযোগিতামূলক প্রক্রিয়া বাধা দ্বারা বাধাপ্রাপ্ত হবে না, যে অন্যায্য বোঝা তারা বহন করছিল। সর্বশেষ তথ্যে দেখা গেছে যে নিউ ইয়র্ক তার MWBE ব্যবহারের হারে জাতিকে নেতৃত্ব দিচ্ছে, এবং আমরা পরিস্থিতিকে সবার জন্য আরো বেশি

ন্যায়সঙ্গত করতে এবং সবার জন্য সমান অর্থনৈতিক সুযোগ তৈরি করতে নিরলসভাবে প্রতিশ্রুতিবদ্ধ।"

এই আইন (A.10459 / S.9351) নিউ ইয়র্ক সিটিকে অ-প্রতিযোগিতামূলক চুক্তির জন্য MBWE-গুলোর বরাদ্দের পরিমাণ 500,000 ডলার থেকে 1 মিলিয়ন ডলার পর্যন্ত বাড়ানোর অনুমতি দেবে। সিটি এই ধরনের বৈষম্য মোকাবেলার জন্য অনেক প্রচেষ্টা গ্রহণ করেছে, যার মধ্যে রয়েছে MWBE-গুলোর জন্য সাবকন্ট্রাক্টর অংশগ্রহণের লক্ষ্য নির্ধারণ করা, এবং আগে, সিটির এজেন্সিগুলো আনুষ্ঠানিক প্রতিযোগিতামূলক প্রক্রিয়া ছাড়াই MWBE-গুলোর জন্য অনধিক 500,000 ডলারের চুক্তির জন্য MWBE-গুলোর সাথে চুক্তি করতে পারতো। নতুন আইনটি সিটিকে ক্রয়ের সীমা 1 মিলিয়ন ডলারে উন্নীত করার অনুমতি দেবে, যা সিটির সাথে কন্ট্রাক্টে প্রবেশ করতে চাওয়া MWBE-গুলোর জন্য ক্যাপিটাল অ্যাক্সেস উন্নত করবে। এই আইন সিটির কর্মসূচির একটি বিল ছিল যা নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস অগ্রবর্তী করেছিলেন।

**নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন,** "আজ নিউ ইয়র্ক সিটিতে সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসায়ের পাশাপাশি স্টেট জুড়ে কৃষ্ণাঙ্গ ও বাদামী বর্ণের কমিউনিটির জন্য উল্লেখযোগ্য বিজয়ের দিন। M/WBE-গুলোর জন্য সিটির কন্ট্রাক্টের বিবেচনামূলক সীমা 1 মিলিয়ন ডলারে উন্নীত করে, আমরা বিভিন্ন ব্যাকগ্রাউন্ডের নিউ ইয়র্কবাসীদের জন্য পরিস্থিতিকে সবার জন্য আরো বেশি ন্যায়সঙ্গত করছি — যা আমাদেরকে আরো ন্যায়সঙ্গত ও সমতাপূর্ণ ভবিষ্যতের পথ তৈরি করার সুযোগ দেবে। ব্যবসা বন্ধ হওয়ার পরিমাণ প্রচণ্ডভাবে বেড়ে যাওয়ার পাশাপাশি ব্যবসা গড়ে তোলা ও কর্মসংস্থান বৃদ্ধির ধীর হারের কারণে মহামারীর মধ্যে আমাদের M/WBE-গুলো ক্ষতিগ্রস্ত হয়েছে। আজ, আমরা আমাদের M/WBE-গুলোকে দেখাচ্ছি যে আমরা তাদের পাশে আছি। আমি গভর্নর হোকলকে MWBE-গুলোর প্রতি তার প্রতিশ্রুতির জন্য এবং আইনসভায় আমাদের অংশীদারদেরকে ধন্যবাদ জানাতে চাই যারা ঐতিহাসিক বৈষম্যের মূলে থাকা কয়েক প্রজন্মের চ্যালেঞ্জ মোকাবেলা করার সময় আমাদের অর্থনৈতিক পুনরুদ্ধারে সাহায্য করার জন্য এই গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিতে সাহায্য করেছেন।"

12তম বার্ষিক MWBE ফোরামের প্রতিপাদ্য বিষয় হচ্ছে "সমতাপূর্ণ ভবিষ্যৎ তৈরি" যা পরিবর্তনশীল বাজারে আরো বেশি প্রতিযোগিতামূলক হয়ে উঠতে MWBE প্রতিষ্ঠানগুলোর প্রতি নিউ ইয়র্ক স্টেটের সমর্থনকে তুলে ধরে। এই বছরের হাইব্রিড ফোরাম সশরীরে আয়োজিত ইভেন্ট এবং অনলাইন সেশন সরবরাহ করছে যা MWBE, স্টেট সংস্থা ও কর্তৃপক্ষ, প্রধান ঠিকাদার এবং অন্যান্য কৌশলগত অংশীদারদের তথ্য ও নেটওয়ার্কিংয়ের সুযোগের জন্য একত্রিত করবে।

**নিউ ইয়র্ক স্টেটের চিফ ডাইভার্সিটি অফিসার জুলিসা গিউটিরেজ বলেন,** "অর্থনৈতিক ক্ষমতায়ন এবং চুক্তির সুযোগ নিশ্চিত করার জন্য পরিস্থিতিকে সবার জন্য আরো বেশি ন্যায়সঙ্গত করার মাধ্যমে নিউ ইয়র্ক মহিলা ও অশ্বেতাঙ্গ উদ্যোক্তাদের জন্য সমতাপূর্ণ ভবিষ্যত তৈরি করছে৷ গভর্নর হোকলের নেতৃত্বে, আমরা আমাদের অর্থনীতিকে আরো অন্তর্ভুক্তিমূলক এবং আরো শক্তিশালী করে তোলার পথে অগ্রসর করছি, যা নিউ ইয়র্ক স্টেটের অসাধারণ বৈচিত্র্যকে প্রতিফলিত করে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন,** "গভর্নর হোকলের নেতৃত্বে, নিউ ইয়র্কের MWBE-গুলোর জন্য সমান সুযোগের প্রতিশ্রুতি আমাদের MWBE ব্যবহারের হারের মাধ্যমে প্রদর্শিত হয় - যা পরপর দুই বছর ধরে আমাদের লক্ষ্যমাত্রা অতিক্রম করেছে। আমরা MWBE-গুলোকে এম্পায়ার স্টেটে সফল ও সমৃদ্ধ হওয়ার জন্য প্রয়োজনীয় রসদ সরবরাহ করা অব্যাহত রাখবো।"

ডিভিশন অব মাইনরিটি এন্ড উইমেন'স বিজনেস ডেভেলপমেন্ট (Division of Minority and Women's Business Development (DMWBD)), MWBE-গুলোর জন্য অর্থনৈতিক সুযোগের সমতা এবং স্টেটের কন্ট্রাক্টে তাদের অংশগ্রহণের বাধা দূর করার পক্ষে প্রচারণা চালায়। 20 বছরেরও বেশি সময় ধরে, DMWBD, MWBE কমিউনিটিকে সার্টিফিকেশন এবং ব্যবসায়িক উন্নয়ন সেবা প্রদান করেছে যাতে তারা নিউ ইয়র্ক স্টেটে প্রবৃদ্ধি, সফলতা ও উন্নতি লাভের জন্য প্রয়োজনীয় হাতিয়ার নিশ্চিত করতে পারে এবং DMWBD নিউ ইয়র্ক স্টেট এজেন্সি ও কর্তৃপক্ষকে তাদের প্রচেষ্টায় নির্দেশনা ও সহায়তা দিয়েছে যাতে স্টেটের কন্ট্রাক্টের সুযোগগুলোতে MWBE-গুলোর বৃহত্তর অন্তর্ভুক্তি নিশ্চিত করা যায়।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ডিভিশন অব মাইনরিটি এন্ড উইমেন'স বিজনেস ডেভেলপমেন্টের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এবং এক্সিকিউটিভ ডিরেক্টর জেরোম এ. ড্যুভাল বলেন,** "আমাদের বৈচিত্র্যময়, উদ্ভাবনী ও প্রাণবন্ত MWBE কমিউনিটির জন্য অর্থনৈতিক সুযোগের বৃহত্তর সমতাকে সমর্থন করার জন্য আমাদের স্টেটের প্রতিশ্রুতি আমাদের স্টেটকে চলমান কোভিড-19 মহামারী সহ 2021-22 অর্থবছরের চ্যালেঞ্জ অতিক্রম করতে কেবল সহায়তাই করেছে না, বরং আগের চেয়ে আরো ভালভাবে মোকাবেলা করতে সহায়তা করেছে। আমরা আগামী বছরের জন্য রোমাঞ্চিত, যেহেতু ডিভিশন গভর্নর হোকলের দৃষ্টিভঙ্গিকে সমর্থন করে চলেছে, এবং শক্তিশালী কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্কের MWBE, উন্নত পরিষেবাতে বিনিয়োগ এবং বর্ধিত পরিষেবার মাধ্যমে বিনিয়োগ চালিয়ে যাচ্ছে যা প্রজন্মের সম্পদ বৃদ্ধিতে সাহায্য করে।"

**নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority) অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন,** "NYPA-তে, আমরা নিউ ইয়র্কের নির্মল জ্বালানি অর্থনীতি গড়ে তোলার জন্য MWBE যে অবিশ্বাস্য অবদান রাখে তা স্বীকার করি। NYPA সক্রিয়ভাবে প্রশিক্ষণ সেশন, সম্পৃক্ততা, এবং নতুন সরবরাহকারীদের বৈচিত্র্যপূর্ণ কর্মসূচির মাধ্যমে বিভিন্ন ব্যবসার সাথে তার সম্পর্ক জোরদার করছে। আমরা MWBE-গুলোকে তাদের সক্ষমতা ও দক্ষতা বাড়ানোর জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ ও শিক্ষা সরবরাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ। একসাথে আমরা যোগ্যতাসম্পন্ন, গতিশীল MWBE-গুলোর সাথে NYPA এবং ক্যানেল কর্পোরেশনের কন্ট্রাক্টগুলো পূরণ করা আরো সহজ করে তুলবো।"

**নিউ ইয়র্ক স্টেট ডরমিটরি অথরিটির (Dormitory Authority of the State of New York) প্রেসিডেন্ট এবং CEO রুবেন ম্যাকড্যানিয়েল, III বলেন,** "সকল নিউ ইয়র্কবাসী, বিশেষ করে সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসার জন্য সুযোগ তৈরিতে নিউ ইয়র্কের প্রতিশ্রুতিকে সমর্থন ও শক্তিশালী করার জন্য গভর্নর হোকলের নেতৃত্বের জন্য আমরা কৃতজ্ঞ। নিউ ইয়র্কের অর্থনীতিকে শক্তিশালী করতে এবং স্থায়ী অবকাঠামো নির্মাণের জন্য অপরিহার্য

স্টেট ঠিকাদাররা যাতে নিউ ইয়র্ক স্টেটের জনসংখ্যার বিশাল বৈচিত্র্যকে প্রতিফলিত করে তা নিশ্চিত করতে আমাদের অবদানের জন্য DASNY গর্বিত। এই আইন এই ক্রমবর্ধমান ব্যবসাগুলোকে সরকারি খাতের চুক্তির সুযোগ থেকে উপকৃত হতে সহায়তা করবে যা এই ব্যবসায়ের বৃদ্ধির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ হতে পারে।"

ESD-এর ডিভিশন অব মাইনরিটি এন্ড উইমেন'স বিজনেস ডেভেলপমেন্ট 2022 অর্থবছরের জন্য এটির বার্ষিক রিপোর্টও প্রকাশ করেছে। এই অর্থ বছরে, নিউ ইয়র্ক 9,700 টিরও বেশি স্বীকৃত প্রতিষ্ঠান নিয়ে স্টেটের ইতিহাসে স্বীকৃত MWBE প্রতিষ্ঠানের সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে এবং স্টেটের সব অঞ্চল জুড়ে MWBE-গুলোর কাজ ও উপস্থিতি বাড়ানোর জন্য স্টেট সকল আঞ্চলিক সম্পৃক্ততা ও সমর্থন বৃদ্ধি করেছে। প্রতিবেদনে এই ঐতিহাসিক অর্জন এবং সাফল্যের রূপরেখা তুলে ধরা হয়েছে যা MWBE-গুলোকে সমর্থন করার জন্য নিউ ইয়র্ক স্টেট কর্তৃক গত এক বছরে এবং এযাবৎ কালে করেছে। সম্পূর্ণ রিপোর্টটি এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418